

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পররাষ্ট্র মন্ত্রণালয়

ঢাকা

এডি-পি-৮৩০৫/০৩৪৩/১৬৬২

১৩ নভেম্বর ২০১৯

প্রেরক: মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ  
সহকারী সচিব (সংস্থাপন-১)

প্রাপক: জনাব মোঃ শাকিল শাহরিয়ার  
প্রথম সচিব, বাংলাদেশ দূতাবাস, কোপেনহেগেন।

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন স্পেন সফর উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আগামী ২৮ নভেম্বর ২০১৯ হতে ০৪ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত মাদ্রিদ সফরের মঞ্জুরি প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন স্পেন সফর উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আগামী ২৮ নভেম্বর ২০১৯ হতে ০৪ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত (ভ্রমণের সময় ব্যতীত) আপনার মাদ্রিদ সফরের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপঃ

- ক) ভ্রমণকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবে।
- খ) আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- গ) আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং এ ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থ-বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে সংকুলান করা হবে।
- ঘ) আপনি আগামী ২৮ নভেম্বর ২০১৯ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে মাদ্রিদ এর উদ্দেশ্যে কোপেনহেগেন ত্যাগ করবেন এবং ০৪ ডিসেম্বর ২০১৯ বা তার নিকটবর্তী সময়ে কোপেনহেগেন-এর উদ্দেশ্যে মাদ্রিদ ত্যাগ করবেন।
- ঙ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি মাদ্রিদ-এ অবস্থান করতে পারবেন না।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

13/11/19

(মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ)  
সহকারী সচিব (সংস্থাপন-১)

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম ইউরোপ ও ইইউ/কনসুলার/পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর)/রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (তহবিল/অডিট ও পেনশন)/সহকারী সচিব (আইসিটি-ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। বাংলাদেশ দূতাবাস, কোপেনহেগেন/মাদ্রিদ।
- ৭। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।

13/11/19

(মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ)  
সহকারী সচিব (সংস্থাপন-১)